



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৫২৩

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৬

০৮ আগস্ট ২০১৯

বিষয়: ধান সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টি এবং ভিজিএফসহ অন্যান্য খাতে বিলি-বিতরণের জন্য সড়ক গথে মোট ১৩০০ মে.টন সিঙ্ক চালের চলাচল সূচি।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এর ০৭/০৮/২০১৯ খ্রি: তারিখের ১৩.০৫.০০০০.০০৮.৫০.০০১.১৮-১০৫৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে, অভ্যন্তরীণ বোরো সংগ্রহ'১৯ মৌসুমে অগ্রাধিকারভিত্তিতে ধান সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির জন্য ঝিনাইদহ সদর এলএসডি হতে মহেশ্বরপাশা/খুলনা সিএসডিতে ১০০০ মে.টন বোরো'১৯ সিঙ্ক চাল এবং ভিজিএফসহ বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য খুলনা সিএসডি হতে বসন্তপুর এলএসডিতে ৩০০ মে.টন আমন'১৮-১৯ সিঙ্ক চাল প্রণয়নের নিমিত্ত সূচি জারির পূর্বানুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

সারণি-১ : খুলনা বিভাগে চালের চলাচল সূচির পূর্বানুমোদন এর প্রস্তাব

ক্র. নং	এলএসডি'র নাম	কার্যকরী ধারণ ক্ষমতা	প্রেরণ কেন্দ্রের বর্তমান মজুত (৪)					প্রেরণ কেন্দ্রে সংগ্রহের অবশিষ্ট পরিমাণ	প্রাপক কেন্দ্র (৬)			সংগ্রহের অবশিষ্ট পরিমাণ	পণ্য	সূচির প্রস্তাব
			সিঙ্ক চাল	আতপ চাল	গম	ধান	মোট		এলএসডি	কার্যকরী ধারণ ক্ষমতা	বর্তমান মোট মজুত			
১	২	৩	৪(১)	৪(২)	৪(৩)	৪(৪)	৪(৫)	৫	৬(১)	৬(২)	৬(৩)	৭	৮	৯
১	ঝিনাইদহ সদর এলএসডি	২৫০০	৩০৪১	০	২৫২	১১৮	৩৪১১	১৫৫৫	খুলনা সিএসডি	৫৮০০	২৫০০০	০	সংগৃহীত বোরো'১৯ সিঙ্ক চাল	১০০০
২.	খুলনা সিএসডি	৫৮০০	১৪৬৮৫	৬৯	১০৮০৭	০	২৫৫৬১	১০	বসন্তপুর এলএসডি	১০০০	১৩৪৪	৫১	আমন'১৮-১৯ সিঙ্ক চাল	৩০০
													মোট=	১৩০০


এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এর প্রস্তাবমতে খুলনা বিভাগের ঝিনাইদহ সদর এলএসডিতে ধান সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে ১০০০ মে.টন বোরো'১৯ সিঙ্ক চাল এবং খুলনা সিএসডি হতে সাতক্ষীরা জেলার বসন্তপুর এলএসডিতে ভিজিএফসহ জরুরি প্রয়োজনে ৩০০ মে.টন আমন'১৮-১৯ সিঙ্ক চাল ডিআরটিসির মাধ্যমে স্থানান্তরের পূর্বানুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

উল্লেখ্য যে, অত্র পূর্বানুমোদনের আওতায় খাদ্যশস্য খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পর্ক বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে। এতদবিষয়ে, 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-২৬৫ নং পরিপত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে। এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৮৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকে নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলারকর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেম্পিলের স্পষ্ট ছাপ দেওয়ার নির্দেশনা অনুসরণ করতে হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
খুলনা বিভাগ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৫২৩/১(৯)




৮-৮-২০১৯

মোঃ সেলিমুল আজম
উপ-পরিচালক

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৬
০৮ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা।
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, সাতক্ষীরা, খুলনা।
- ৯) ব্যবস্থাপক, মহেশ্বরপাশা/খুলনা সিএসডি, খুলনা।



৮-৮-২০১৯

মোঃ সেলিমুল আজম
উপ-পরিচালক